ছেলে হোক, মেয়ে হোক,
দু'টি সন্তানই যথেষ্ট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় পরিচালকের কার্যালয়
পরিবার পরিকল্পনা, সিলেট বিভাগ
পূর্ব শাহী ঈদগাহ, টিবি গেইট, সিলেট।
ফোন : ০২৯৯৭৭০০৪৬০, E-mail: dirfpsyl@gmail.com

# সিলেট পরিবার পরিকল্পনা বিভাগের বিভাগীয় সভার কার্যবিবরণী :-

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ মাজহারুল হক চৌধুরী<br>পরিচালক<br>পরিবার পরিকল্পনা, সিলেট বিভাগ, সিলেট। |
| সভার তারিখ | : | ০৩-০৩-২০২৪ খ্রিঃ |
| সময় | : | সকাল ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ, বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়, সিলেট। |
| পরিশিষ্ট | : | "ক" |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় ৪টি জেলার প্রস্তুতকৃত প্রেজেন্টেশন সংশ্লিষ্ট জেলার উপপরিচালকগণ উপস্থাপন করেন। সিলেট জেলার উপপরিচালক জনাব তপন কান্তি ঘোষ-কে সিলেট জেলার পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করার জন্য অনুরোধ করা হয়। পর্যায়ক্রমে আরো তিনটি জেলার উপপরিচালক গণ তাদের জেলার পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন সভায় উপস্থাপন করেন। উক্ত বিভাগীয় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপনা অনুযায়ী অনুষ্ঠিত আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত সমূহ নিম্নরূপঃ

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১ | পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য বিষয়ক বিভাগীয় কাজের অগ্রগতি | পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবার মান উন্নয়নে জেলা ও উপজেলা পর্যায়ে আশ্রায়ণ, আবাসন, গুচ্ছগ্রাম এবং পৌরসভা ও সিটিকর্পোরেশন এলাকার বস্তির অধিবাসীদের জন্য বিশেষ পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য বিষয়ক সেবা কার্যক্রমকে আরও বেগবান করার বিষয়ে সংশ্লিষ্ট সকলকে একযোগে কাজ করার পরামর্শ দেওয়া হয়। একই সাথে সভাপতি মহোদয় পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্যসেবার অগ্রগতি বাড়ানো এবং টি এফ আর কমানোর ধারা অব্যাহত রাখতে সকলকে একসাথে কাজ করার আহবান জানান। | ১) উপপরিচালক, পরিবার পরিকল্পনা (সকল), সিলেট বিভাগ, সিলেট।<br>২) সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা/ সিসি, (সকল), সিলেট বিভাগ, সিলেট।<br>৩) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার(এমসিএইচ-এফপি/ক্লিনিক) (সকল)। |
| ২ | স্থায়ী ও দীর্ঘ মেয়াদী পরিবার পরিকল্পনা বিষয়ক বিশেষ কার্যক্রম উদযাপন | আগামী ৫ মার্চ হতে ৭ মার্চ/২০২৪ অনুষ্টিতব্য পরিবার পরিকল্পনা স্থায়ী ও দীর্ঘ মেয়াদী বিশেষ কার্যক্রম গ্রহণের জন্য সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীগণকে সফলতার সাথে বিশেষ স্থায়ী ও দীর্ঘ মেয়াদী পদ্ধতির ক্যাম্প আয়োজন ও পরিচালনার জন্য অনুরোধ জানানো হয় একই সাথে সম্পাদিত উক্ত বিশেষ কার্যক্রমের তথ্যাদি প্রতিদিন নির্দিষ্ট ছকে যথাসময়ে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ১) উপপরিচালক, পরিবার পরিকল্পনা (সকল), সিলেট বিভাগ, সিলেট।<br>২) সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা/ সিসি, (সকল), সিলেট বিভাগ, সিলেট।<br>৩) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার(এমসিএইচ-এফপি/ক্লিনিক) (সকল)। |
| ৩ | পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য এবং কৈশোর কালীন স্বাস্থ্য বিষয়ক মাসিক প্রতিবেদন প্রেরণ | পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য এবং কৈশোর কালীন স্বাস্থ্য বিষয়ক মাসিক প্রতিবেদন সমূহ সংশ্লিষ্ট দপ্তর প্রধানকে যাচাই বাছাই পূর্বক স্বাক্ষর করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ১) উপপরিচালক, পরিবার পরিকল্পনা (সকল), সিলেট বিভাগ, সিলেট।<br>২) সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা/ সিসি, (সকল), সিলেট বিভাগ, সিলেট। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ৪ | ২৪/৭ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র | পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন সিলেট বিভাগে ঘোষিত সকল ২৪/৭(দিবারাত্রি) ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে পরিবার কল্যাণ পরিদর্শিকা, উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসারগণকে আবাসিক বাসভবনে বসবাস ১০০% নিশ্চিত করতে হবে। ২৪/৭ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র/মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে পরিবার কল্যাণ পরিদর্শিকাগণের পদায়ন না থাকলে পার্শ্ববর্তী ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র/আরডি হতে বদলি/পদায়ন পূর্বক সমন্বয় করতে হবে। | ১) উপপরিচালক, পরিবার পরিকল্পনা (সকল), সিলেট বিভাগ, সিলেট।<br>২) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার(এমসিএইচ-এফপি/ক্লিনিক) (সকল)। |
| ৫ | স্যাটেল্যাইট ক্লিনিক ও স্কুল স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম পরিচালনা | উপজেলা, পৌরসভা, সিটি কর্পোরেশন এবং ইউনিয়ন পর্যায়ে স্যাটেলাইট ক্লিনিক ও স্কুল স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে আয়োজন করা এবং স্যাটেলাইট ক্লিনিক ও স্কুল স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম পরিচালনা ও প্রমাণক হিসেবে প্রতিবেদনে বাড়ীর মালিকের /স্কুল কর্তৃপক্ষের স্বাক্ষর অত্যাবশ্যক। সংশ্লিষ্ট ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে পরিবার কল্যাণ পরিদর্শিকা দায়িত্বে থাকলে এবং উক্ত সেন্টারে উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার পদায়ন থাকলে মাসে ৮টি, পদায়ন না থাকলে মাসে ৪টি স্যাটেলাইট ক্লিনিক পরিচালনা করবেন।<br>সেন্টারে উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার পদায়ন থাকলে মাসে ৪টি স্কুল স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম পরিচালনা করবেন। | ১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার(এমসিএইচ-এফপি/ক্লিনিক) (সকল)। |
| ৬ | ডিডিএস কীট, ইনজেকটেবলস্, ডেলিভারী কীট | প্রতি মাসে উপজেলা স্টোর থেকে জন্মনিয়ন্ত্রন সামগ্রী ও অন্যান্য সামগ্রী মাঠপর্যায়ে বিতরনের সময় FEFO নীতিমালা অনুসরন করা এবং প্রয়োজনের অতিরিক্ত সামগ্রী থাকলে তা উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। ডেলিভারী কীট Indent এর মাধ্যমে দেওয়ার জন্য সরবরাহ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | ১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার(এমসিএইচ-এফপি/ক্লিনিক) (সকল)।<br>২) সরবরাহ কর্মকতা, আঞ্চলিক পণ্যাগার, সিলেট। |
| ৭ | কমিউনিটি ক্লিনিক | পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন নির্দেশনা মোতাবেক সপ্তাহে দুই দিন শনিবার এবং মঙ্গলবার কমিউনিটি ক্লিনিকে সংশ্লিষ্ট পরিবার কল্যাণ সহকারীগণের উপস্থিতি নিশ্চিতকরণ এবং সেবা প্রদান নিশ্চিত করবেন। প্রস্তাবনা মোতাবেক কমিউনিটি ক্লিনিকে সেবা প্রদানের অগ্রগতির তথ্য প্রেরণ নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার(এমসিএইচ-এফপি/ক্লিনিক) (সকল)। |
| ৮ | মাসিক সভা ও এমসিএইচ কমিটির সভা করা | জেলাভিত্তিক মাসিক সভার কার্যবিবরণী বিভাগীয় অফিসে প্রতিমাসে নির্দিষ্ট সময়ের মধ্যে প্রেরণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয় এবং উপজেলায় মাসিক সভা প্রতি মাসে ও প্রতি দুই মাস অন্তর অন্তর এমসিএইচ কমিটির সভা বাধ্যতামূলকভাবে আয়োজন করতে হবে। | ১) উপপরিচালক, পরিবার পরিকল্পনা (সকল), সিলেট বিভাগ, সিলেট।<br>২) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার(এমসিএইচ-এফপি/ক্লিনিক) (সকল)। |
| ৯ | এনজিও বিষয়ক | এনজিও বিষয়ক আলোচনায় এনজিও প্রতিনিধিগণ পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য এবং কৈশোর কালীন স্বাস্থ্য সেবা সম্বন্ধ্যে তাদের অগ্রগতি তুলে ধরেন। সকল এনজিও প্রতিনিধিগণকে আরো জোড়ালো ভাবে এবং জনবল/লজিষ্টিকস দিয়ে সেবা প্রদানের আহবান জানানো হয়। | ১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার(এমসিএইচ-এফপি/ক্লিনিক) (সকল)।<br>২) এনজিও সংশ্লিষ্ট সকল প্রতিনিধি। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১০ | স্থায়ী ও দীর্ঘ মেয়াদী পদ্ধতি ক্যাম্প | উপজেলা, এমসিডব্লিউসি, মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র মাসে নিয়মিত করে স্থায়ী পদ্ধতির ক্যাম্প আয়োজন করতে হবে। | ১) সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা/ সিসি, (সকল), সিলেট বিভাগ, সিলেট। সহকারী পরিচালক, সিসি(সকল)<br>২) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার(এমসিএইচ-এফপি/ক্লিনিক) (সকল) । |
| ১১ | মেডিকেল অফিসার(এমসিএইচ-এফপি)গণ স্থায়ী ক্যাম্প সার্জন হিসেবে পরিচালনা করা | যেসকল উপজেলায় স্থায়ী ক্যাম্প সমূহ মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) গণের উপস্থিতিতে রোভিং টিম কর্তৃক সম্পাদন হয় সেসকল উপজেলার মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) গণকে ক্যাম্পে সরাসরি উপস্থিত থেকে আরও দক্ষতার সহিত সম্পৃক্ত থেকে সার্জন হিসেবে ক্যাম্প পরিচালনা করার অনুরোধ জানানো হয়। | ১) সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা/ সিসি, (সকল), সিলেট বিভাগ, সিলেট।<br>২) রিজিওনাল সুপারভাইজার/কনসালটেন্ট (এফপিসিএস-কিউআইটি), (সকল), সিলেট বিভাগ।<br>৩) মেডিকেল অফিসার(এমসিএইচ-এফপি/ক্লিনিক) (সকল) । |
| ১২ | আই ইউডি ইনসারশন | যে সকল পরিবার কল্যাণ পরিদর্শিকা আইইউডি ইনসারশন করতে দক্ষ নয় তাদের এমসিডব্লিউসিতে গিয়ে আই ইউডি ইনসারশন প্রশিক্ষণ হবে। | ১) সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা/ সিসি, (সকল), সিলেট বিভাগ, সিলেট।<br>২) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার(এমসিএইচ-এফপি/ক্লিনিক) (সকল) । |
| ১৩ | পরিদর্শন প্রতিবেদন | সকল পর্যায়ের কর্মকর্তাগণ পরিদর্শনের প্রতিবেদন ছবিসহ(হার্ডকপি) বাধ্যতামূলক ভাবে উর্দ্ধতন কর্মকর্তার দপ্তরে দাখিল করতে হবে। পরিদর্শনের প্রতিবেদন পররর্তীতে ভ্রমণ বিলের সাথে সমন্বয় পূর্বক ভ্রমণ বিল অনুমোদন দেয়া হবে। | ১) উপপরিচালক, পরিবার পরিকল্পনা (সকল), সিলেট বিভাগ, সিলেট।<br>২) সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা/ সিসি, (সকল), সিলেট বিভাগ, সিলেট।<br>৩) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার(এমসিএইচ-এফপি/ক্লিনিক) (সকল) । সিলেট বিভাগ, সিলেট। |
| ১৪ | কর্মস্থলে নিয়মিত উপস্থিতি ও কর্মএলাকায় বসবাস সংক্রান্ত | সিলেট বিভাগাধীন কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীগণকে অফিস সূচী অনুসরণ পূর্বক নিয়মিত উপস্থিত থাকা সহ তাদের নিজ নিজ কর্মএলাকায় বাধ্যতামূলকভাবে বসবাস করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) উপপরিচালক, পরিবার পরিকল্পনা (সকল), সিলেট বিভাগ, সিলেট।<br>২) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার(এমসিএইচ-এফপি/ক্লিনিক) (সকল) । সিলেট বিভাগ, সিলেট। |
| ১৫ | নির্মাণ ও মেরামত | যে সকল এলাকায় নির্মাণ কাজ চলমান সেই সব জায়গায় নির্মাণ কাজ তদারকী করার অনুরোধ করা হয়। যে সকল জেলা, উপজেলা এবং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে নিজস্ব অফিস ভবন ও সেবা কেন্দ্র নেই সেই সকল জেলা উপজেলায় এবং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে নতুনভাবে অফিস ভবন ও সেবা কেন্দ্র নির্মাণ করার জন্য সংশ্লিষ্ট ইউনিটে পত্র প্রেরণ করার নির্দেশনা প্রদান করা হয়। | ১) উপপরিচালক, পরিবার পরিকল্পনা (সকল), সিলেট বিভাগ, সিলেট।<br>২) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার(এমসিএইচ-এফপি/ক্লিনিক) (সকল) । সিলেট বিভাগ, সিলেট। |
| ১৬ | পুষ্টি | বিভাগীয় পর্যায়ে পুষ্টি বিষয়ক যে সকল ইনডিকেটরে কার্যক্রম চলমান রয়েছে সেই সকল ইনডিকেটর কার্যক্রম জোরদারকরণ করার জন্য আলোচনা করা হয়। | ১) উপপরিচালক, পরিবার পরিকল্পনা (সকল), সিলেট বিভাগ, সিলেট।<br>২) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার(এমসিএইচ-এফপি/ক্লিনিক) (সকল) । সিলেট বিভাগ, সিলেট। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১৭ | **১৭.১ নৈতিকতা কমিটির সভা :** সভায় এ কার্যালয় ও এর আওতাধীন জেলা ও উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়সমূহে নিয়মিত ভাবে নৈতিকতা কমিটির সভা করার বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করা হয়। | জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় এবং এর আওতাধীন উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের নৈতিকতা কমিটির সভা নিয়মিতভাবে এবং নির্দিষ্ট কোয়ার্টারের মধ্যে আয়োজন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, সিলেট/হবিগঞ্জ/মৌলভী বাজার/সুনামগঞ্জ।<br>২।উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার(এমসিএইচ-এফপি)/ক্লিনিক, (সকল) সিলেট/হবিগঞ্জ/ মৌলভীবাজার/সুনামগঞ্জ। |
| | **১৭.২ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা:** বিভাগ, জেলা এবং উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় সমূহে দাপ্তরিক শৃঙ্খলা এবং স্বচ্ছতা বৃদ্ধিকরণের নিমিত্তে সুশাসন প্রতিষ্ঠার বিষয়ে অনুষ্ঠিত সভায় বিশদভাবে আলোচনা করা হয়। | বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়ের ন্যায় আওতাধীন দপ্তর সমূহকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা কার্যক্রমের ১.২ এ পদত্ত সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের সভা সমূহ নির্ধারিত কোয়ার্টারের মধ্যে আয়োজন করার নির্দেশনা প্রদান করা হয়। | ১। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, সিলেট/হবিগঞ্জ/মৌলভী বাজার/সুনামগঞ্জ।<br><br>২। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি)/ক্লিনিক, (সকল) সিলেট/হবিগঞ্জ/ মৌলভীবাজার/সুনামগঞ্জ। |
| | **১৭.৩ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/মতবিনিময় সভার আয়োজন :** সভায় আওতাধীন দপ্তর/সংস্থার কর্মচারীগণ কে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান অথবা এ সংক্রান্ত মতবিনিময় সভা আয়োজন বিষয়ক আলোচনা করা হয়। | আওতাধীন অফিসের কর্মকর্তা কর্মচারীদের শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/মতবিনিময় সভা নির্দিষ্ট কোয়ার্টারের মধ্যে আয়োজন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, সিলেট/হবিগঞ্জ/মৌলভী বাজার/সুনামগঞ্জ।<br><br>২। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি)/ক্লিনিক, (সকল) সিলেট/হবিগঞ্জ/ মৌলভীবাজার/সুনামগঞ্জ। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | **১৭.৪ কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি, মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা/৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি):** সভায় কর্ম-পরিবেশ উন্নয়নে দাপ্তরিক পরিষ্কার পরিচ্ছন্নতা, মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা/৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করা হয়। | সভায় বিভাগ, জেলা এবং উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়সহ এর আওতাধীন সকল সেবা কেন্দ্রের পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করণের মাধ্যমে উক্ত প্রতিষ্ঠানে সুন্দর এবং সুশৃঙ্খল কর্ম-পরিবেশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। পরিচালক, পরিবার পরিকল্পনা, সিলেট বিভাগ, সিলেট। ২। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, সিলেট/হবিগঞ্জ/ মৌলভীবাজার/সুনামগঞ্জ। ৩। সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা/সিসি), সিলেট/হবিগঞ্জ/ মৌলভীবাজার/সুনামগঞ্জ। ৪। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি)/ক্লিনিক, (সকল) ............... সিলেট/হবিগঞ্জ/ মৌলভীবাজার/সুনামগঞ্জ। |
| ১৮ | **১৮.১ ২০২৩-২৪ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ ঃ** সভায় দাপ্তরিক মালামাল/সামগ্রী ক্রয় বিষয়ক আলোচনা করা হয়। | এ বিভাগের সকল জেলা ও উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়কে ২০২৩-২৪ এর জরুরি ভিত্তিতে ক্রয় পরিকল্পনা প্রণয়ন পূর্বক প্রতিবেদন সংশ্লিষ্ট দপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | ১। পরিচালক, পরিবার পরিকল্পনা, সিলেট বিভাগ, সিলেট। ২। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, সিলেট/হবিগঞ্জ/ মৌলভীবাজার/সুনামগঞ্জ। ৩। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি)/ক্লিনিক, (সকল) সিলেট/হবিগঞ্জ/ মৌলভীবাজার/সুনামগঞ্জ। |
| ১৯ | **১৯.১ সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ ঃ** এ বিভাগের জেলা এবং উপজেলা পর্যায়ের সেবা কেন্দ্রে আগত সকল সেবা গ্রহীতার সেবা বিষয়ক মতামত গ্রহণ সংক্রান্ত আলোচনা করা হয়। | বিভাগীয় সেবা কেন্দ্রে আগত সেবা গ্রহীতাদের সেবা সংক্রান্ত মতামত/পরামর্শ সংরক্ষণের নিমিত্তে সকল সেবা কেন্দ্রে "সেবা গ্রহীতা মতামত রেজিস্টার" ব্যবহার করার নির্দেশনা প্রদান করা হয়। | ১। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, সিলেট/হবিগঞ্জ/ মৌলভীবাজার/সুনামগঞ্জ। ২। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি)/ক্লিনিক, (সকল) সিলেট/হবিগঞ্জ/ মৌলভীবাজার/সুনামগঞ্জ। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ২০. | ২০.১ সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রণয়ন এবং এর দাপ্তরিক তাৎপর্য বিষয়ক বিশদ আলোচনা করা হয়। | ক) সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক আলোচনা শেষে জানানো হয় প্রতিটি দপ্তরের জন্য একটি আদর্শ সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রণয়ন করা আবশ্যক। সকল জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের ক্ষেত্রে একই ধরণের সিটিজেন চার্টার প্রণয়ন করার আলোচনা শেষে উপপরিচালক, পরিবার পরিকল্পনা, মৌলভীবাজার প্রনীত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এর খসড়া টি কে একটি আর্দশ সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হিসেবে প্রণয়নের লক্ষ্যে বাকি ০৩(তিন) টি জেলার উপপরিচালক গণকে চূড়ান্ত ভাবে দেখে খসড়ার উপস্থাপিত কার্যক্রম সমূহ সংশোধন/সংযোজনের করে দেয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন কমিটিঃ<br>ক. উপপরিচালক, পরিবার পরিকল্পনা, মৌলভীবাজার- সভাপতি।<br>খ. উপপরিচালক, পরিবার পরিকল্পনা, সিলেট- সদস্য।<br>গ. উপপরিচালক, পরিবার পরিকল্পনা, হবিগঞ্জ- সদস্য।<br>ঘ. উপপরিচালক, পরিবার পরিকল্পনা, সুনামগঞ্জ- সদস্য।<br>ঙ. সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা), বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়, সিলেট বিভাগ, সিলেট- সদস্য সচিব। |
| | | খ) উপজেলা পরিবার পরিকল্পনা কাযালয়ের জন্য একটি আদর্শ সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রণয়নের জন্য সভায় উপস্থিত উপপরিচালক, পরিবার পরিকল্পনা গণের পরামর্শ অনুযায়ী প্রতিটি জেলা হতে একটি নির্বাচিত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চাটার) বিভাগীয় পরিবার পরিকলল্পনা কার্যালয়ের সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা, জনাব আবুল মনসুর আসজাদ এর বরাবর প্রেরণ করলে সংশ্লিষ্ট সহকারী পরিচালক ০৪(চার) জেলা হতে প্রেরিত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চাটার) সমূহ সমন্বয় পূর্বক সিলেট বিভাগের আওতাধীণ সকল উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের জন্য একটি আদর্শ সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চাটার) প্রণয়ণ করবেন মর্মে সিদ্ধান গৃহীত হয়। | ১। সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন কমিটিঃ<br>ক. উপপরিচালক, পরিবার পরিকল্পনা, মৌলভীবাজার- সভাপতি।<br>খ. উপপরিচালক, পরিবার পরিকল্পনা, সিলেট- সদস্য।<br>গ. উপপরিচালক, পরিবার পরিকল্পনা, হবিগঞ্জ- সদস্য।<br>ঘ. উপপরিচালক, পরিবার পরিকল্পনা, সুনামগঞ্জ- সদস্য।<br>ঙ. সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা), বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়, সিলেট বিভাগ, সিলেট- সদস্য সচিব। |
| | | গ) সভায় জেলা এবং উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের ন্যায় ০৪(চার) টি জেলার মা ও শিশু কল্যাণ কেন্দ্রে জন্য একই ধরণের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) পণয়নের সিদ্ধান্ত গৃহীত হয়। এ সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রণয়নের জন্য সংশ্লিষ্ট জেলার মেডিকেল অফিসার (ক্লিনিক) গণ নিজ নিজ জেলার সিটিজেন চাটার প্রণয়ন করে পরস্পরের সহিত সনন্বয় করে বর্ণিত সেবা কেন্দ্রের জন্য একটি আর্দশ সিটিজেন চার্টার প্রণয়ন পূর্বক ডাঃ প্রিয়াংকা পাল চৌধুরী, মেডিকেল অফিসার (ক্লিনিক), সুনামগঞ্জ কে একটি আদর্শ সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রণয়ন করার জন্য অনুরোধ জানানো হয়। | ১। সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন কমিটিঃ<br>ক. মেডিকেল অফিসার (ক্লিনিক),সিলেট, - সভাপতি।<br>খ. মেডিকেল অফিসার (ক্লিনিক), হবিগঞ্জ - সদস্য।<br>গ. মেডিকেল অফিসার (ক্লিনিক), মৌলভীবাজার - সদস্য।<br>ঘ. মেডিকেল অফিসার (ক্লিনিক), মৌলভীবাজার - সদস্য সচিব। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ২১ | **২১.১ উদ্ভাবনী ধারণা প্রনয়ণ :** সভায় এ বিভাগের বিভাগীয় ও এর আওতাধীন জেলা ও উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়সহ সকল সেবা কেন্দ্রের সেবা কে সহজলভ্যভাবে প্রদানসহ আরও গতিশীল এবং গ্রহণযোগ্য করে তোলার জন্য বিভাগীয় উদ্ভাবনী ধারণা প্রণয়ন বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হয়। | (ক) সিলেট বিভাগের মাঠ পর্যায়সহ সেবা কেন্দ্রের সেবা প্রদান প্রক্রিয়াকে যথাযথভাবে পরিচালনা এবং মনিটরিং ব্যবস্থার আওতায় আনতে প্রচলিত পদ্ধতির পাশাপাশি আধুনিক এবং ডিজিটাল ডিভাইস/সরঞ্জামাদির ব্যবহার পূর্বক ১(এক)টি উদ্ভাবনী ধারণা প্রণয়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | **ক) উদ্ভাবনী ধারণা প্রণয়ন কমিটিঃ**<br>১. জনাব খন্দকার মাহবুবুর রহমান, উপপরিচালক, পরিবার পরিকল্পনা, মৌলভীবাজার ................... সভাপতি।<br>২. ডাঃ বিশ্বজিৎ ভৌমিক, সহকারী পরিচালক (সিসি), মৌলভীবাজার .......... সদস্য।<br>৩. ডাঃ আকলিমা তাহেরী, মেডিকেল অফিসার (ক্লিনিক) হবিগঞ্জ .............................. সদস্য।<br>৪. ডাঃ মোঃ সাদিক মিয়া, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), সিলেট সদর, সিলেট .............সদস্য।<br>৫. কেনী লস্কর, ফ্যাসিলিটেটর-এফএসডি, সুনামগঞ্জ ........................... সদস্য।<br>৬. আবুল মনসুর আসজাদ, সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা-অঃদাঃ), বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়, সিলেট বিভাগ, সিলেট ...........সদস্য সচিব। |
| | | (খ) এ বিভাগের মাঠ পর্যায়ে কর্মরত সকল পর্যায়ের কর্মকর্তা কর্মচারীদের কে বিভাগীয় সেবা সহজীকরণে উদ্ভাবনী ধারণা প্রনয়নে উৎসাহিত করার পাশাপাশি আধুনিক প্রযুক্তির ডিভাইস/যন্ত্রপাতি ও সামগ্রী ব্যবহারে সম্পৃক্ত করার ব্যবস্থা করতে হবে। | ক) উপ-পরিচালক<br>পরিবার পরিকল্পনা<br>সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ। |
| ২২ | **২২.১ অভিযোগ প্রতিকার ব্যবস্থা :** সভায় এ বিভাগের বিভাগীয় সকল কর্মকর্তা-কর্মচারী, সাধারণ জনগণ এবং সেবা গ্রহণকারীসহ সকল পর্যায়ের দাখিলকৃত লিখিত ও মৌখিক অভিযোগ সমূহের দাপ্তরিক ব্যবস্থাপনা বিষয়ে সভায় দীর্ঘ আলোচনা অনুষ্ঠিত হয়। | (ক) সিলেট বিভাগের আওতাধীন জেলা এবং উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়সহ সকল মা ও শিশু কল্যাণ কেন্দ্রে দাখিলকৃত অভিযোগ সমূহ কে অত্যন্ত গুরুত্বের সহিত বিবেচনা করাসহ দ্রুততম সময়ের মধ্যে নিস্পত্তি করে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(খ) জেলা এবং উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে কোন অভিযোগ অনিস্পন্ন রাখা যাবে না। যে সকল অভিযোগ সমূহ বর্ণিত দপ্তর হতে নিস্পন্ন করা যাবে না সে সকল অভিযোগ সমূহ দ্রুততম সময়ের মধ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষের দপ্তরের প্রেরণ করতে হবে। | ১) উপ-পরিচালক<br>পরিবার পরিকল্পনা<br>সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ।<br><br>২) মেডিকেল অফিসার (ক্লিনিক)<br>মা ও শিশু কল্যাণ কেন্দ্র,<br>সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ।<br><br>৩) উপজেলা পরিবার পরিকল্পন কর্মকর্তা/মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি)...................<br><br>উপজেলা,সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ। |

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| | ২২.২ অভিযোগ সংশ্লিষ্ট প্রতিবেদন ঃ সভায় অভিযোগ প্রতিকার সংশ্লিষ্ট প্রতিবেদন প্রণয়ন এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের দপ্তরের প্রেরণ বিষয়ক আলোচনা করা হয়। | দাপ্তরিক দাখিলকৃত অভিযোগ সমূহের সুষ্ঠু এবং সুশৃঙ্খল ব্যবস্থাপনা নিশ্চিতকরণের লক্ষ্যে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংশ্লিষ্ট মাসিক প্রতিবেদন প্রণয়ন এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের দপ্তরের প্রেরণ করতে হবে। | ১) উপ-পরিচালক পরিবার পরিকল্পনা সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ। ২) মেডিকেল অফিসার (ক্লিনিক) মা ও শিশু কল্যাণ কেন্দ্র, সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ। ৩) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), (সকল) সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ। |

অতপর পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা এবং কৈশোরকালীন স্বাস্থ্য সেবার মান আরো জোরদার করার বিষয়ে সকলকে অনুরোধ জানিয়ে এবং সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৪/৩/২৪

মোঃ মাজহারুল হক চৌধুরী
পরিচালক
পরিবার পরিকল্পনা, সিলেট বিভাগ, সিলেট।

08.06.2024

স্মারক পত্র নং : ৫৯.১১.০০০০.০০৩.০৬.০২৫.১৮-১৯০ তারিখ : ০৪.০৩.২০২৪ খ্রিঃ।

বিতরণ সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে :

০১ । সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
০৩। পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
০৪। উপ-পরিচালক, সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ।
০৫। সহকারী পরিচালক(সমন্বয়/মনিটরিং), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
০৬। সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা/সিসি), সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ।
০৭। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ।
০৮। অফিস নথি।

৪/৩/২৪

মোঃ মাজহারুল হক চৌধুরী
পরিচালক
পরিবার পরিকল্পনা, সিলেট বিভাগ, সিলেট।

08.06.2024

CS CamScanner